

জাতীয় বিশ্ববিদ্যালয়
সংকট নিরসনে স্পিকারকে
ছাত্র ফ্রন্টের স্মারকলিপি

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টের
জাতীয় বাজেটের ২৫ ভাগ শিক্ষাখাতে বরাদ্দ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংকট
নিরসনে বাজেটে বিশেষ বরাদ্দ সহ আট দফা দাবিতে স্পিকারের কাছে স্মারকলিপি
দিয়েছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট। গত বুধবার দুপুরে জাতীয় সংসদে স্পিকার আবদুল
হামিদের কাছে এ স্মারকলিপি সেন ছাত্রফ্রন্ট নেতারা।

বিষয়টি নিশ্চিত করে ছাত্রফ্রন্টের সভাপতি সাইফুল্লাহমান সাকন ও সাধারণ
সম্পাদক মেহদী হামান তমাল জানান, পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী সংসদ
অভিযানে শাহবাগে বাধা দেয় পুলিশ। এরপর জামাদের পাঁচ সদস্যের একটি
প্রতিনিধিদল জাতীয় সংসদের স্পিকারকে স্মারকলিপি প্রদান করেন। স্পিকারের
পাশাপাশি কয়েকজন সংসদ সদস্যের কাছেও স্মারকলিপির অনুলিপি দেয়া হয়েছে।
সব সংসদ সদস্যকেও স্মারকলিপির অনুলিপি দেয়া হবে।

জাতীয় বাজেটে স্মারকলিপিতে উল্লেখিত দাবিগুলোর বিষয়ে কোনো আলোচনা
বা সিদ্ধান্ত গৃহীত না হলে আগামী ২ জুলাই দেশের সকল কলেজের সামনে শিক্ষার্থীরা
অবস্থান কর্মসূচি ও সড়ক অবরোধ করা হবে বলে জানান তারা।

সমাবেশে দৈনিক সমকালের ব্যবস্থাপনা সম্পাদক আবু সাঈদ খান,
রায়েফুল্লাহমান রতন, গণসম্মিলিত শিল্পী মাহমুদুল্লাহমান বাবু এবং দেশের বিভিন্ন
কলেজের ছাত্র প্রতিনিধিরা বক্তব্য রাখেন।

ছাত্রফ্রন্টের আট দফা দাবির অন্যতম হলো—সাইব্রেরি ও সেমিনার নতুন
সংস্করণের পর্যাপ্ত বই সরবরাহ সহ গবেষণাগার, মিলনায়তন, হেলথ সেন্টার ও
ব্যাচালাগার নির্মাণ করা, আবাসন সংকট নিরসনে নতুন হল নির্মাণ ও মেধার
ভিত্তিতে আসন বণ্টন, অর্নাম-ডিগ্রি কোর্সে সেশনজট নিরসন করা, জাতীয়
বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সামাজিক মর্যাদা, বেতন-ভাতা, নিরাপত্তা ও উচ্চতর
প্রশিক্ষণ নিশ্চিত করা, সরকারি-বেসরকারি কলেজে বিভিন্ন প্রকার দুর্নীতি ও
উর্জিতভাবে অনিয়ম বন্ধ করা, কলেজগুলোতে শিক্ষার উপযুক্ত পরিবেশ নিশ্চিত
করতে ছাত্র সংসদ নির্বাচনের ব্যবস্থা করা এবং ঐতিহ্যবাহী কলেজগুলোকে
বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা।